3 MAY 2017

কালের কণ্ঠ

# আধুনিক বিশ্ববিদ্যালয়

**দেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয় স্টামফোর্ড ইউনিভার্সিটি। এই বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া, গবেষণা, খেলাধুলাসহ সব কিছু নিয়ে বিশেষ আয়োজন। লিখেছেন হাবিবুর রহমান**

পত্রিকায় লেখালেখির শুরু তাঁর ক্লাস সেভেনে। এইটে উঠে 'বিদ্বান' নামের একটি কবিতার বই বের করেছেন। তখন থেকেই ওমর ফারুক ম্যাগাজিনের সম্পাদক। মাসিক 'বিশ্বের আলো বিশ্বকণ্ঠ'তে স্থানীয় খবরগুলোই প্রকাশিত হতো। এই কাগজের জন্যই লেখা চাইতে গিয়েছিলেন সাপ্তাহিক কুমিল্লার আলোতে। এরপর সেখানেও লেখালেখির সুযোগ পেলেন। একে একে দৈনিক আমাদের কুমিল্লা, দৈনিক ময়নামতি, সাপ্তাহিক সময়ের পথ, কুমিল্লার কথা, পথিকৃৎ কুমিল্লা ও কুমিল্লার ডাকে কাজ করেছেন। চ্যানেল আইয়ের সাপ্তাহিকে অনেক ফিচারও প্রকাশ করেছেন। এভাবেই সাংবাদিকতার বীজটি ওমরের মধ্যে ঢুকে গেল। তিনি ঢাকা চলে এলেন। ভর্তি হলেন স্টামফোর্ডের সাংবাদিকতা বিভাগে। ৫৩ ব্যাচের এই ছাত্রটি লেখাপড়ার পাশাপাশি একটি দৈনিকে কাজ করেন। তিনবার 'মীনা অ্যাওয়ার্ড' পেয়েছেন। তাঁর মতো এই বিভাগের আরো অনেক ছাত্র-ছাত্রী বিভিন্ন পত্রপত্রিকায় লেখালেখি ও সাংবাদিকতা করেন। টিভিতেও কাজ করেন। আর বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের অনেকের তো নিজেদের প্রতিষ্ঠানই আছে। আইন বিভাগের ছাত্র-ছাত্রীরা বিভিন্ন আইনি প্রতিষ্ঠানে কাজ করেন।

স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ে আছে মোট ১৪টি বিভাগ। সেগুলোয় ২৬টি প্রগ্রামে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া শেখানো হয়। এগুলোর মধ্যে অনার্স ডিগ্রি দেওয়া হয় যেসব বিষয়ে সেগুলো হলো—স্থাপত্য, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন ও লোকপ্রশাসন। আর অনার্স ও মাস্টার্স ডিগ্রি দেওয়া বিষয়গুলো হলো—কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইংরেজি, পরিবেশ বিজ্ঞান, মাইক্রোবায়োলজি, ফার্মাসি, আইন, অর্থনীতি, সাংবাদিকতা ও গণযোগাযোগ, ফিল্ম অ্যান্ড মিডিয়া, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন। আর মাস্টার্স কোর্স হিসেবে চালু আছে কম্পিউটার অ্যাপ্লিকেশনস। এ ছাড়া থিয়েটার স্টাডিজ, অ্যাপ্লাইড নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি ইউজিসির অনুমোদন পেয়েছে। এগুলো শিগগিরই চালু হবে। ছাত্র-ছাত্রীদের এ বিষয়গুলো পড়ানোর জন্য আছেন প্রায় ৫০০ জন পূর্ণকালীন শিক্ষক। এ ছাড়া অতিথি-শিক্ষক আছেন প্রায় দুই শতাধিক।

স্টামফোর্ড মেধাবী ছাত্র-ছাত্রীদের ওয়েভার হিসেবে বছরে পাঁচ কোটি টাকার মেধাবৃত্তি দেয়। এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৫ পাওয়া ছাত্র-ছাত্রীরা ৫০ শতাংশ ছাড়ে পড়ালেখা করতে পারে। আর জিপিএ ৪ বা তার বেশি পাওয়াদের জন্য আছে ২০ থেকে ১০ শতাংশ ছাড়। একই পরিবারের দুজন পড়লে ২৫ শতাংশ ছাড় পায়। আর মুক্তিযোদ্ধার সন্তান, দরিদ্র ও অসচ্ছলদের জন্য বিশেষ সুবিধা আছে। লেখাপড়া শেষ করে তারা যেন ভালো প্রতিষ্ঠানে চাকরি পায় সে জন্য আছে সিসিপিসি (সেন্টার ফর ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টার)। তারা ছাত্র-ছাত্রীদের সিভিগুলো সংগ্রহ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পাঠায়। এই সেন্টারের প্রধান ফজলে রব জানান, 'আমরা ডাচ্-বাংলা, এনসিসি, আকিজ ফুড অ্যান্ড বেভারেজ, র‍্যাংকসসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের চাকরির ক্ষেত্রে সহায়তা করেছি। এ ছাড়া আমরা তাদের চাকরির প্রশিক্ষণ প্রদানের জন্য নানা ধরনের সেমিনারের আয়োজন করি।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর